

লেকচার শীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়: সুন্দরবনের প্রাণী

তারিখ: ২৯/৯/২০

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- বিশ্বের নানা ছানের নানা ধরনের প্রাণীর বর্ণনা
- রয়েল বেঙ্গল টাইগার সম্পর্কে বর্ণনা
- সুন্দরবনের নানা প্রাণী অবলুপ্তি সম্পর্কে বর্ণনা
- পরিবেশ রক্ষায় শক্তনের অবদানের কথা
- বন্য প্রাণী সংরক্ষণ যে কারণে জরুরি

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

কখনো কখনো বিশেষ কোন প্রাণীর সঙ্গে জড়িয়ে থাকে দেশ বা জায়গার নাম। রয়েল বেঙ্গল টাইগার তেমনি একটি প্রাণী, যেটি বাংলাদেশের নামের সাথে জড়িয়ে আছে। সুন্দরবনে এদের বাস। বাঘ ছাড়াও সুন্দরবনে আরও নানা প্রজাতির অসংখ্য প্রাণী আছে। দেশ জুড়ে যেসব পশুপাখি ও জীবজন্তু রয়েছে সেগুলো আমাদেও অমূল্য সম্পদ। এ সকল প্রাণীকে বিলুপ্তির হাত থেকে বাঁচাতে সকলকে এগিয়ে আসতে হবে।

*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) বাংলাদেশের দক্ষিণে রয়েছে.....

.....আমাদের বাঁচাতে হবে।

আমার বাংলা বই(১০পৃষ্ঠা ও ১১ পৃষ্ঠা)

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

সন্তার=বিভিন্ন উপাদান

অপার=অগাধ, অসীম

রয়েল=রাজকীয়

ভয়ঙ্কর=ভীষণ, ভীতিজনক, অত্যন্ত

অমূল্য=যার মূল্য নির্ধারণ করা যায় না

***পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :**

১. বাংলাদেশের দক্ষিণে যে বন রয়েছে তার নাম কী?
২. সুন্দরবন বাংলাদেশের কোথায় গড়ে উঠেছে?
৩. কেওড়া সুন্দরীগাছ কোন বনে দেখতে পাওয়া যায়?
৪. বিশ্বের কোনো কোনো প্রাণীর সঙ্গে কী জড়িয়ে থাকে?
৫. রয়েল বেঙ্গল টাইগারের সাথে কোন দেশের নাম জড়িয়ে থাকে?
৬. অস্ট্রেলিয়ার কথা বললে কোন প্রাণীর কথা মনে পড়ে?
৭. সিংহের কথা বললে কোন দেশের কথা মনে আসে?
৮. রয়েল বেঙ্গল টাইগার কী কী শিকার করে খায়?
৯. সুন্দরবনের কোন বাঘকে বিলুপ্তের হাত থেকে আমাদের বাঁচাতে হবে?

***যুক্তবর্ণ ভেঙ্গে শব্দ গঠন ও বাক্য গঠন কর:**

ব, ঙ্গ, দ্র, প্র, ন্দ, স্ট্ৰ, শ্ব, ঙ, ক্ষ, প্ত

সমার্থক শব্দ করবে:

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
ধৰ্মস	
বন্যা	
খৰা	
বিপর্যয়	
বৃক্ষলতা	
প্রকৃতি	
সম্পদ	
ডৰলুপ্তি	
বিশ্ব	
পরিচ্ছন্ন	
প্রচুৱ	
সুন্দৱ	
সমুদ্ৰ	
হাতি	
পাখি	

সাহানা পারভীন সুমি